



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

জরুরী/একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

(ই-মেইল, ওয়েব সাইট এবং হোয়াটসঅ্যাপ গ্রুপযোগে প্রেরিত)

বায়রা/৩(৯)/২০২২/৫২৭

তারিখ : ১৫/১০/২০২২

প্রাপক,
সম্মানিত সকল সদস্য
বায়রা।

বিষয়: শাপলা সেন্টারে পাসপোর্ট জমা প্রদান না করা প্রসঙ্গে।

সূত্র: বায়রা'র পত্র নং-বায়রা/৩(৯)/২০২২/৫০৯, তারিখ: ১২/১০/২০২২

মহোদয়,

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

অদ্য ১৫/১০/২০২২ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-তে অনুষ্ঠিত বায়রা'র জরুরী সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের সর্বসম্মত প্রস্তাব অনুযায়ী 'শাপলা সেন্টার' এর পরিবর্তে বায়রা'র নামে/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে/বিএমইটি'র অধীনে পাসপোর্ট জমাদান ও ভিসা গ্রহণের সার্ভিস সেন্টার চালু করা হলে বায়রা'র সম্মানিত সদস্যবৃন্দের কোন আপত্তি থাকবে না।

সভায় উপস্থিত বায়রা'র সম্মানিত সদস্যগণ এ ব্যাপারে বায়রা কার্যনির্বাহী কমিটির সাথে ঢাকাস্থ রাজকীয় সৌদি দূতাবাসের আলোচনার মাধ্যমে একটি সন্তোষজনক সমাধান না হওয়া অবধি 'শাপলা সেন্টার'-এ পাসপোর্ট বা অন্য কোনো ডকুমেন্ট জমা প্রদান না করার প্রত্যয় ব্যক্ত করেন।

এমতাবস্থায়, পরবর্তী সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত শাপলা সেন্টারের মাধ্যমে পাসপোর্ট জমা না দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে

(মুহাম্মাদ মাকসুদুর রহমান)

সচিব (প্রশাসন), বায়রা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৫. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, বিএমইটি, কাকরাইল, ঢাকা।

Tel: 88-0241032136-38

Fax: 88-0241032144